# ষষ্ঠ শ্রেণির সেশন পরিকল্পনা (চলমান পরিস্থিতিতে পুনঃবিবেচনা)

## বিষয়: জীবন ও জীবিকা

২০২৩ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ শ্রেণিতে নতুন শিক্ষাক্রম সারাদেশে প্রচলন করা হয়েছে। ফলে নতুন এই শিক্ষাক্রমে শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক এবং অভিভাবকসহ সকলেরই নিজেকে প্রস্তুত করতে ও অভ্যস্ত হতে কিছুটা সময় লেগেছে। চলমান পরিস্থিতি পর্যালোচনায় দেখা গেছে, জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ শ্রেণির দুটি শিখন অভিজ্ঞতার মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে ষষ্ঠ শ্রেণির অবশিষ্ট ছয়টি শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে।

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ শ্রেণির যে শিখন অভিজ্ঞতা মূল্যায়ন হয়েছে সেগুলো হলো:

| অভিজ্ঞতা নং | অভিজ্ঞতার নাম |
|---|---|
| ১ | কাজের মাঝে আনন্দ |
| ২ | পেশার রূপবদল |

ষষ্ঠ শ্রেণির জন্য আরও ৬টি শিখন অভিজ্ঞতা বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করতে হবে:

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | পূর্বনির্ধারিত ক্লাস/সেশন সংখ্যা | বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে জীবন ও জীবিকা বিষয়ের জন্য সম্ভাব্য ক্লাস/সেশন সংখ্যা (২৩ জুলাই থেকে ১০ নভেম্বর ২০২৩) |
|---|---|---|---|
| ষষ্ঠ | ৬টি | ৪০টি | ১৬ সপ্তাহে ৩২টি ক্লাস/সেশন |

সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দুর্যোগ ইত্যাদি কারণে অতিরিক্ত ক্লাস/সেশন প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, শিখন অভিজ্ঞতাগুলোর কিছু কার্যক্রম পরিমার্জনের নির্দেশনা প্রস্তাব করা হলো, যাতে শিক্ষকগণ যথাসময়ে কিছু শিখন সময় হাতে রেখেই অবশিষ্ট সকল শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে পারেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

অবশিষ্ট এই শিখন অভিজ্ঞতাগুলো ১০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার জন্য অভিজ্ঞতা অনুযায়ী পরমার্জিত/সম্ভাব্য ক্লাস/সেশন সংখ্যার তালিকাসহ নির্দেশনাসমূহ উপস্থাপন করা হলো:

# ষষ্ঠ শ্রেণি

| অভিজ্ঞতার নাম | পূর্বনির্ধারিত ক্লাস/সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা | শিক্ষকদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|
| আগামীর স্বপ্ন | ০৭ টি | ০৫ টি | নাটকের প্রস্তুতির জন্য নির্ধারিত ৪টি ক্লাসের কাজ ২টি ক্লাসে সম্পন্ন করা যেতে পারে, ফলে পূর্বের পরিকল্পনার থেকে ২টি ক্লাস কম লাগবে। তাছাড়া এই অভিজ্ঞতার জন্য নির্ধারিত ক্লাসে যে গল্পটি পড়ানোর কথা সেটি বাড়িতে পড়ে আসতে বলা যেতে পারে, এতে একটি ক্লাস কমে আসবে। এভাবে পূর্বের পরিকল্পনার থেকে মোট দুটি ক্লাস কম লাগবে। |
| আর্থিক ভাবনা | ০৬ টি | ০৫ টি | এই অভিজ্ঞতার জন্য নির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসের কাজ হিসেবে নির্ধারিত কেস ও গল্পগুলো বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। ফলে ক্লাসের অন্যান্য কাজগুলো করাতে সময় কম লাগবে। সেক্ষেত্রে পূর্বের পরিকল্পনা থেকে একটি ক্লাস কম লাগবে। |
| আমার জীবন আমার লক্ষ্য | ০৮ টি | ০৭ টি | এই অভিজ্ঞতার জন্য নির্ধারিত ১ম- ৮ম ক্লাসে দলগত ও একক কাজ করানোর অংশ হিসেবে কিছু কেস বা গল্প দেওয়া হয়েছে। পূর্ববর্তী ক্লাসে শিক্ষক সহায়িকা অনুসারে নির্ধারিত উক্ত কেসগুলো বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। এতে পুরো অভিজ্ঞতার চক্র সম্পন্ন করতে একটি ক্লাস কম লাগবে। |
| দশে মিলে করি কাজ | ০৬ টি | ০৪ টি | এই অভিজ্ঞতার জন্য নির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসের জন্য নির্ধারিত কেস ও গল্পগুলো বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। ফলে দুটি ক্লাস কম লাগবে। |
| স্কিল কোর্স এক:কুকিং | ০৭ টি | ০৫ টি | এই কোর্সের জন্য নির্ধারিত ১ম ক্লাসে কাজ সংক্ষিপ্ত করে পরবর্তী ক্লাসের কাজগুলো শুরু করা যেতে পারে। সেক্ষেত্রে, ২য় ক্লাসের জন্য নির্ধারিত প্রদর্শনী ১ম ক্লাসেই ভিডিও-র মাধ্যমে অথবা সংক্ষিপ্তভাবে সরাসরি দেখিয়ে অনুশীলন পর্ব শুরু করিয়ে দেওয়া যেতে পারে; এতে ১টি ক্লাস কম লাগবে। একইভাবে, ৫ম-৭ম ক্লাস থেকেও একটি ক্লাস কমানো যেতে |

| | | | |
|---|---|---|---|
| | | | পারে। |
| স্কিল কোর্স দুই: গ্রাফটিং | ০৬ টি | ০৪ টি | পূর্ব নির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসগুলোতে কিছু কাজ বাড়িতে করতে দিয়ে ২টি ক্লাস কমানো যেতে পারে। |

ষষ্ঠ শ্রেণির জীবন ও জীবিকা বিষয়ের যোগ্যতা অর্জন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়নের জন্য উল্লিখিত নির্দেশনা বা পরিকল্পনা অনুযায়ী মোট ৩০ টি ক্লাস/সেশনের মাধ্যমে শিখন অভিজ্ঞতাগুলো পরিচালনা করা যেতে পারে । তবে এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, পরিমার্জিত পরিকল্পনা অনুসরণের সময় অবশ্যই শিক্ষক সহায়িকা ভালোভাবে পড়ে নিতে হবে। শিক্ষার্থীকে নির্দিষ্ট অভিজ্ঞতার মধ্য দিয়ে নিয়ে যাওয়ার জন্য উক্ত সহায়িকায় বর্ণিত কোনো কাজ বাদ দেওয়া যাবে না। বাড়িতে কিংবা শ্রেণির বাইরে উক্ত কাজটি করিয়ে নেওয়ার সুযোগ তৈরি করে নিতে হবে।

**সাধারণ নির্দেশনা**

- শিক্ষককে লক্ষ রাখতে হবে, কোনো বিষয়ের শ্রেণির বাইরের কাজের কারণে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময় যাতে প্রভাবিত না হয়। যেমন: বাংলা বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ বাংলা ক্লাসের পর যে বিষয়ের ক্লাস/সেশন পরিচালিত হওয়ার কথা, সে বিষয়ের সময়কে যেন সংকুচিত না করে। সকল বিষয়ের ক্লাস/সেশন সময় পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

- দুর্যোগ বা অন্যান্য কারণে যদি বিদ্যালয় বন্ধ থাকে, সেক্ষেত্রে পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ, দলগত পরিকল্পনা প্রণয়ন, প্রজেক্টের নকশা তৈরি ইত্যাদি কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিতে হবে, যাতে শিখন কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রা্খা যায়।

- যেকোনো উপস্থাপনের সময় সকল দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার লক্ষ্যে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে।

- বাড়িতে পড়ে বা করে আনার জন্য যেসব কাজ দেওয়া হবে তা পূর্ববর্তী ক্লাসে/সেশনে শিক্ষার্থীকে বুঝিয়ে দিতে হবে এবং বাড়ির কাজের সাথে সংশ্লিষ্ট শ্রেণির কাজে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রয়োজন হলে বাড়ির কাজের প্রমাণাদিও সংরক্ষণ করতে হবে।

# সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনা (চলমান পরিস্থিতিতে পুনঃবিবেচনা)

## বিষয়: জীবন ও জীবিকা

২০২৩ শিক্ষাবর্ষ থেকে সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম সারাদেশে প্রচলন করা হয়েছে। ফলে নতুন এই শিক্ষাক্রমে শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক এবং অভিভাবকসহ সকলেরই নিজেকে প্রস্তুত করতে ও অভ্যস্ত হতে কিছুটা সময় লেগেছে। চলমান পরিস্থিতি পর্যালোচনায় দেখা গেছে, জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে সপ্তম শ্রেণির দুটি শিখন অভিজ্ঞতার মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে সপ্তম শ্রেণির অবশিষ্ট সাতটি শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে সপ্তম শ্রেণির যে শিখন অভিজ্ঞতা মূল্যায়ন হয়েছে সেগুলো হলো:

| অভিজ্ঞতা নং | অভিজ্ঞতার নাম |
|---|---|
| ১ | কাজের মাঝে আনন্দ |
| ২ | পেশার রূপবদল |

সপ্তম শ্রেণির জন্য আরও ৬টি শিখন অভিজ্ঞতা বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে সম্পন্ন করতে হবে:

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | পূর্বনির্ধারিত ক্লাস/সেশন সংখ্যা | বার্ষিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে জীবন ও জীবিকা বিষয়ের জন্য সম্ভাব্য ক্লাস/সেশন সংখ্যা (২৩ জুলাই থেকে ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| সপ্তম | ৬টি | ৫৬টি | ১৬ সপ্তাহে ৩২টি ক্লাস/সেশন |

সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারণে অতিরিক্ত ক্লাস/সেশন প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, শিখন অভিজ্ঞতাগুলোর কিছু কার্যক্রম পরিমার্জনের নির্দেশনা প্রস্তাব করা হলো, যাতে শিক্ষকগণ যথাসময়ে কিছু শিখন সময় হাতে রেখেই অবশিষ্ট সকল শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে পারেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

অবশিষ্ট এই শিখন অভিজ্ঞতাগুলো ১০ নভেম্বর, ২০২৩ এর মধ্যে সম্পন্ন করার জন্য অভিজ্ঞতা অনুযায়ী পরমার্জিত/সম্ভাব্য ক্লাস/সেশন সংখ্যার তালিকাসহ নির্দেশনাসমূহ উপস্থাপন করা হলো:

# সপ্তম শ্রেণি

| অভিজ্ঞতার নাম | পূর্বনির্ধারিত ক্লাস/সেশন সংখ্যা | পরিমার্জিত ক্লাস/সেশন সংখ্যা | শিক্ষকদের জন্য নির্দেশনা |
|---|---|---|---|
| আগামীর স্বপ্ন | ০৮ টি | ০৪ টি | নাটকের প্রস্তুতির জন্য পূর্বনির্ধারিত ৪টি ক্লাসের কাজ ২টি ক্লাসে সম্পন্ন করা যেতে পারে, ফলে পূর্বের পরিকল্পনার থেকে ২টি ক্লাস কম লাগবে। এই অভিজ্ঞতার জন্য নির্ধারিত ক্লাসে পড়ানোর জন্য যে গল্পটি রয়েছে তা বাড়িতে পড়ে আসতে বলা যেতে পারে, এতে একটি ক্লাস কমে আসবে। তাছাড়া, ৮ম ক্লাসটি স্বমূল্যায়নের জন্য রাখা হয়েছে, যা বাড়ির কাজ হিসেবে অর্পন করা যেতে পারে। এভাবে পরিচালনা করা হলে পূর্বের পরিকল্পনা থেকে মোট ৪টি ক্লাস কম লাগবে। |
| আর্থিক ভাবনা | ০৬ টি | ০৪ টি | এই অভিজ্ঞতার জন্য পূর্বনির্ধারিত ১ম-৫ম ক্লাসে পড়ানোর কেস ও গল্পগুলো বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। ফলে একটি ক্লাস কম লাগবে। একইসাথে ৬ষ্ঠ ক্লাসটি স্বমূল্যায়নের জন্য রাখা হয়েছে, যা বাড়ির কাজ হিসেবে অর্পন করা যেতে পারে। এতে পূর্বের পরিকল্পনা থেকে মোট ২টি ক্লাস কম লাগবে। |
| আমার জীবন আমার লক্ষ্য | ০৭ টি | ০৫ টি | এখানে পূর্বনির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসে দলগত কাজ করানোর জন্য জন্য কেস ও গল্পগুলো (শিক্ষক সহায়িকা অনুযায়ী) রয়েছে সেগুলো বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। এর পাশাপাশি নির্ধারিত কিছু পরিকল্পনাও বাড়িতে করতে দেওয়া যেতে পারে। ফলে একটি ক্লাস কমবে। তাছাড়া, ৭ম ক্লাসটি স্বমূল্যায়নের জন্য রাখা হয়েছে, যা বাড়ির কাজ হিসেবে অর্পন করা যেতে পারে; এতে পূর্বের পরিকল্পনার থেকে মোট ২টি |

| | | | |
|---|---|---|---|
| | | | ক্লাস কম লাগবে। |
| দশে মিলে করি কাজ | ০৭ টি | ০৫ টি | এই অভিজ্ঞতার জন্য পূর্বনির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসের জন্য নির্ধারিত কেস ও গল্প বাড়িতে পড়ে আসার নির্দেশনা দেওয়া যেতে পারে। ফলে শ্রেণিতে দলগত কাজ করাতে সময় কম লাগবে। তাছাড়া, এখানে ৭ম ক্লাসটি স্বমূল্যায়নের জন্য রাখা হয়েছে, যা বাড়ির কাজ হিসেবে অর্পন করা যেতে পারে। এভাবে পরিচালনা করা হলে পূর্বের পরিকল্পনা থেকে মোট ২টি ক্লাস কম লাগবে। |
| স্কিল কোর্স এক:কুকিং | ১০ টি | ০৫ টি | এই অভিজ্ঞতার জন্য পূর্বনির্ধারিত ১ম ক্লাসে কাজ সংক্ষিপ্ত করে পরবর্তী ক্লাসের কাজগুলো শুরু করা যেতে পারে। সেক্ষেত্রে, ২য় ক্লাসের জন্য নির্ধারিত প্রদর্শনী ১ম ক্লাসেই ভিডিও-র মাধ্যমে অথবা সংক্ষিপ্তভাবে সরাসরি দেখিয়ে অনুশীলন পর্ব শুরু করিয়ে দেওয়া যেতে পারে; এতে ২টি ক্লাস কম লাগবে। একইভাবে, ৫ম-৭ম ক্লাস থেকেও একটি ক্লাস কমানো যেতে পারে। ৮ম- ১০ম ক্লাস থেকেও এভাবে একটি ক্লাস কমানো যেতে পারে। |
| স্কিল কোর্স দুই: কেয়ার গিভিং | ১০ টি | ০৫ টি | পূর্বনির্ধারিত ১ম-৬ষ্ঠ ক্লাসগুলোতে কিছু কাজ বাড়িতে করতে দিয়ে ৩টি ক্লাস কমানো যেতে পারে। একইসাথে ৭ম পিরিয়ডে নির্ধারিত কাজ শেষে হেলথ ক্যাম্পিং এর পরিকল্পনা করিয়ে নেওয়া যেতে পারে। প্রস্তুতির আয়োজন স্কুল ছুটির পর দলগতভাবে করতে দেওয়া যেতে পারে, এতে হেলথ ক্যাম্পিং সংক্রান্ত কাজে ২টি পিরিয়ড কম লাগবে। এভাবে মোট ৫টি ক্লাস কমানো যেতে পারে। |
| স্কিল কোর্স তিন: মুরগি পালন | ০৮ টি | ০৪ টি | এখানে ১ম ক্লাসে শুরুর দিকের গল্পটি বাড়িতে পড়ে আসার নির্দেশনা পূর্বের ক্লাসেই দেওয়া যেতে পারে। ২য়-৮ম পর্যন্ত ক্লাস/সেশনগুলোতে কিছু কাজ বাড়িতে করতে দিয়ে ক্লাস সংখ্যা কমিয়ে ৫টি করা সম্ভব । এতে ৩টি পিরিয়ড কম লাগবে। |

সপ্তম শ্রেণির জীবন ও জীবিকা বিষয়ের যোগ্যতা অর্জন ও বার্ষিক সামষ্টিক মূল্যায়নের জন্য উল্লিখিত নির্দেশনা বা পরিকল্পনা অনুযায়ী মোট ৩২টি ক্লাস/সেশনের মাধ্যমে শিখন অভিজ্ঞতাগুলো পরিচালনা করা যেতে পারে । তবে এক্ষেত্রে বিশেষভাবে

উল্লেখ্য যে, পরিমার্জিত পরিকল্পনা অনুসরণের সময় অবশ্যই শিক্ষক সহায়িকা ভালোভাবে পড়ে নিতে হবে। শিক্ষার্থীকে নির্দিষ্ট অভিজ্ঞতার মধ্য দিয়ে নিয়ে যাওয়ার জন্য উক্ত সহায়িকায় বর্ণিত কোনো কাজ বাদ দেওয়া যাবে না। বাড়িতে কিংবা শ্রেণির বাইরে উক্ত কাজটি করিয়ে নেওয়ার সুযোগ তৈরি করে নিতে হবে।

**সাধারণ নির্দেশনা**

- শিক্ষককে লক্ষ রাখতে হবে, কোনো বিষয়ের শ্রেণির বাইরের কাজের কারণে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময় যাতে প্রভাবিত না হয়। যেমন: বাংলা বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ বাংলা ক্লাসের পর যে বিষয়ের ক্লাস/সেশন পরিচালিত হওয়ার কথা, সে বিষয়ের সময়কে যেন সংকুচিত না করে। সকল বিষয়ের ক্লাস/সেশন সময় পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

- দুর্যোগ বা অন্যান্য কারণে যদি বিদ্যালয় বন্ধ থাকে, সেক্ষেত্রে পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ, দলগত পরিকল্পনা প্রণয়ন, প্রজেক্টের নকশা তৈরি ইত্যাদি কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিতে হবে, যাতে শিখন কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রা্খা যায়।

- যেকোনো উপস্থাপনের সময় সকল দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার লক্ষ্যে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে।

- বাড়িতে পড়ে বা করে আনার জন্য যেসব কাজ দেওয়া হবে তা পূর্ববর্তী ক্লাসে/সেশনে শিক্ষার্থীকে বুঝিয়ে দিতে হবে এবং বাড়ির কাজের সাথে সংশ্লিষ্ট শ্রেণির কাজে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রয়োজন হলে বাড়ির কাজের প্রমাণাদিও সংরক্ষণ করতে হবে।